The Bangladesh Monitor - A Premier Travel Publication

# এমিরেটস ও বাটিক এয়ারের কোড শেয়ার চুক্তি

- A Monitor Desk Report Date: 26 October, 2023




**ঢাকা :** এমিরেটস এয়ারলাইন এবং মালয়েশিয়ার বাটিক এয়ার একটি কোড শেয়ার চুক্তি স্বাক্ষরের ঘোষণা করেছে।

এর ফলে এমিরেটস যাত্রীরা কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বাটিক এয়ারের ফ্লাইটে মালয়েশিয়ার পাঁচটি অভ্যন্তরীণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার তিনটি আঞ্চলিক গন্তব্যে একই টিকিটে নিরবচ্ছিন্নভাবে ভ্রমণ করার সুযোগ পাবেন।

চুক্তির অধীনে পেনাং, কুচিং, কোটা কিনাবালু, লাঙ্কাভি, জোহর বারু, ডেনপাসার, জাকার্তা এবং সিঙ্গাপুরে পরিচালিত বাটিক এয়ারের ফ্লাইটে এমিরেটস কোড যুক্ত হবে। এমিরেটস যাত্রীরা চূড়ান্ত গন্তব্যে যাত্রার আগে কুয়ালালামপুরে স্টপওভার সুবিধাও গ্রহণ করতে পারবেন।

-B